

২৫

এমনি করে' ঘুরিব দূরে বাহিরে,  
আর ত গতি নাহিরে মোর নাহিরে ।  
নে-পথে তব রথের রেখা ধরিয়া  
আপনা ত'তে কুসুম উঠে ভরিয়া,  
চন্দ্র ছুটে সূর্য্য ছুটে  
সে পথতলে পড়িব লুটে,  
সবার পানে রহিব শুধু চাহিরে ।  
এমনি করে' ঘুরিব দূরে বাহিরে ॥

## গীতি-মাল্য

তোমার ছায়া পড়ে যে সরোবরে গো  
কমল সেথা ধরে না, নাহি ধরে গো ।  
জলের ঢেউ তরল তানে  
সে ছায়া ল'য়ে মাতিল গানে ;  
ঘিরিয়া তা'রে ফিরিব তরী বাহি রে ।  
যে বাঁশিখানি বাজিছে তব ভবনে  
সহসা তাহা শুনিব মধু পবনে ।  
তাকায়ে র'ব দ্বারের পানে,  
সে তানখানি লইয়া কানে  
বাজায়ে বীণা বেড়াব গান গাহিরে ।  
এমনি করে' ঘুরিব দূরে বাহিরে ।

৯ই বৈশাখ, ১৩১৯

শান্তিনিকেতন